গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
জগন্নাথপুর, সুনামগঞ্জ।
jagannathpur.sunamganj.gov.bd

## জগন্নাথপুর উপজেলা আইন শৃঙ্খলা কমিটির সেপ্টেম্বর/২০২২ খ্রি. মাসের সভার কার্যবিবরণী :

সভাপতি : জনাব মোঃ সাজেদুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার, জগন্নাথপুর, সুনামগঞ্জ।
তারিখ : ২২/১০/২০২২ খ্রি., সময়ঃ সকাল ১১.০০ ঘটিকা।
স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, জগন্নাথপুর ।
সভার হাজিরা : পরিশিষ্ট "ক"

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হলে কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়করণ করা হয়। অফিসার ইনচার্জ, জগন্নাথপুর থানা কর্তৃক আগস্ট/২০২২ মাসের উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি ও অপরাধের তুলনামূলক চিত্র তুলে ধরেন।

(অফিসার ইনচার্জ, জগন্নাথপুর থানা হতে প্রাপ্ত প্রতিবেদনের প্রেক্ষিতে)
আগস্ট/২০২২

| ক্রমিক নং | অপরাধের ধরণ | আলোচ্য মাস | বিগত মাস | বিগত বছরের অনুরূপ মাস |
|---|---|---|---|---|
| ০১ | ডাকাতি | - | - | - |
| ০২ | দস্যুতা | - | - | - |
| ০৩ | সিঁধেল চুরি | - | - | - |
| ০৪ | গবাদি পশু চুরি | -- | ০১ | ০১ |
| ০৫ | তার চুরি | - | - | - |
| ০৬ | অন্যান্য চুরি | - | - | ০১ |
| ০৭ | খুন | - | - | ০১ |
| ০৮ | দাঙ্গা | - | - | - |
| ০৯ | দাঙ্গাসহ খুন | - | - | - |
| ১০ | অস্ত্র আইন | -০১- | | ০১ |
| ১১ | সড়ক দূর্ঘটনা | - | - | - |
| ১২ | মাদকদ্রব্য | ০১ | | ০৭ |
| ১৩ | চোরাচালান | - | -২- | -২ |
| ১৪ | পুলিশ আক্রান্ত | - | - | - |
| ১৫ | নারী নির্যাতন (ধর্ষণ) | - | - | -- |
| ১৬ | এসিড নিক্ষেপ | - | - | - |
| ১৭ | অন্যান্য (নারী নির্যাতন) | ০২ | | --২ |
| ১৮ | বিস্ফোরক দ্রব্য | - | - | - |
| ১৯ | দ্রুত বিচার আইন | - | - | - |
| ২০ | অন্যান্য | ৭ | ১০ | ৭ |
| | মোট | ১১ | ১৩ | ২২ |

অফিসার ইনচার্জ, জগন্নাথপুর থানা হতে প্রাপ্ত তুলনামূলক অপরাধ চিত্র ও আইন শৃঙ্খলা পরিস্থিতি পর্যালোচনায় দেখা যায়, বিগত আগস্ট-২০২২ মাসের তুলনায় সেপ্টেম্বর -২০২২ মাসে অপরাধ কমেছে এবং বিগত বছরের একই সময়ের তুলনায় অপরাধ কমেছে। এ বিষয়ে আইন শৃঙ্খলা কমিটির সভায় উপস্থিত অফিসার ইনচার্জ, জগন্নাথপুর থানা বলেন, আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য সর্বাত্মক চেষ্টা অব্যাহত আছে। এ প্রসঙ্গে সভাপতি বলেন, জনসাধারণ যাতে কোন ধরনের হয়রানির শিকার না হয় সে দিকে সর্বদা সতর্ক দৃষ্টি রাখতে হবে।

| ক্র.নং | আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা আইনশৃঙ্খলা পরিস্থিতি সংক্রান্ত : | **আলোচনা :** ইকড়ছই মাদ্রাসার প্রতিনিধি জনাব সাইফুল ইসলাম রিপন বলেন কিছু দিন পূর্বে নৌকা চুরির ঘটনায় চুরকে গ্রেফতার করা হয়েছে। এ জন্য তিনি অফিসার ইনচার্জ, জগন্নাথপুর থানাকে ধন্যবাদ জানান। তিনি আরও বলেন, পৌরসভার আবর্জনা রাখার জন্য একটি নির্দিষ্ট স্থান নির্বাচন করা খুবই জরুরী। ভবের বাজার হতে সৈয়দপুর, কাঠালখাইর রাস্তায় দ্রুত কাজ শুরু করার জন্য অনুরোধ জানান। তাছাড়া তিনি বলেন এ উপজেলার আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে।<br>জনাব রেজাউল করিম রিজু, সাধারণ সম্পাদক, উপজেলা আওয়ামীলীগ, জগন্নাথপুর বলেন, পৌরসভার যানযট নিরসনে পৌর পয়েন্ট হতে সিএনজি স্টেশন অন্যত্র সড়িয়ে নেয়া হলে যানযট নিরসন সম্ভব হবে। এ জন্য তিনি সকলের সহযোগিতা কামনা করেন।<br>ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জগন্নাথপুর বলেন, বর্তমানে শিক্ষা প্রতিষ্ঠান খুলে দেয়ায় কোমলমতি শিক্ষার্থী শিক্ষা প্রতিষ্ঠানে প্রবেশের সময় অবশ্যই মাস্ক পরিধান করে বিদ্যালয়ে প্রবেশ করে সে বিষয়টি নিশ্চিত করার জন্য প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণকে অনুরোধ জানান।<br>**সিদ্ধান্ত :** বিষয়গুলো জনগুরুত্বপূর্ণ বিধায় নজরদারিসহ প্রতিটি বিষয়কে গুরুত্ব দিয়ে যথাসময়ে আইন মোতাবেক ব্যবস্থা নেয়ার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী কমিশনার (ভূমি) জগন্নাথপুর, ও অফিসার ইনচার্জ, জগন্নাথপুর থানা, ও প্রধান শিক্ষক, (সকল) শিক্ষা প্রতিষ্ঠান, জগন্নাথপুর। |
| ০২ | বাল্য বিবাহ সংক্রান্ত : | এ উপজেলায় এখন পর্যন্ত কোন বাল্য বিবাহের খবর পাওয়া যায়নি। বাল্যবিবাহ সংক্রান্ত বিষয়ে কোন সংবাদ পাওয়া গেলে তাৎক্ষণিকভাবে উপজেলা নির্বাহী অফিসার, জগন্নাথপুর এবং অফিসার ইনচার্জ, জগন্নাথপুর থানাকে অবহিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ, জগন্নাথপুর থানা, ও সংশ্লিষ্ট সকল। |
| ০৩ | ইউনিয়ন পর্যায়ে আইন শৃঙ্খলা পরিস্থিতি সংক্রান্ত | **আলোচনা :** সভায় পাটলী ইউপি চেয়ারম্যান বলেন, রসুল বাজার একটি ঐতিহ্যবাহী বাজার। এটি এ উপজেলার সর্ববৃহত বাজার। বাজার ইজাদারগণ রাস্তায় গরু-ছাগল বসিয়ে ক্রয় বিক্রয় করায় বাজারে জনসাধারণ চলাচলে বিঘ্ন সৃস্টি হয়। তাছাড়া বড়বড় বাজারগুলিতে ০২ (দুই) জন করে নৈশ প্রহরী নিয়োগের ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ জানান।<br>চেয়ারম্যান, রানীগঞ্জ ইউপি বলেন, বাজার মুল্য নিয়ন্ত্রণে রাখার লক্ষ্যে রানীগঞ্জ বাজারে মোবাইল কোর্ট পরিচালনা করা প্রয়োজন।<br>**সিদ্ধান্ত :** ইউনিয়ন পর্যায়ে সার্বিক আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখা, প্রতিটি ইউনিয়নে পুলিশ টহল জোরদার, নিয়মিত মোবইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখার জন্য সহকারী কমিশনার (ভূমি), জগন্নাথপুর ও অফিসার ইনর্চাজ, জগন্নাথপুর থানাকে অনুরোধ করা হয়। | সহকারী কমিশনার (ভূমি), জগন্নাথপুর এবং অফিসার ইনচার্জ জগন্নাথপুর থানা। |
| ০৪ | ইউনিয়ন পর্যায়ে আইন শৃঙ্খলা কমিটির সভা সংক্রান্ত : | **আলোচনা :** ইউনিয়ন পর্যায়ে গঠিত আইন শৃঙ্খলা কমিটির সভা নিয়মিতভাবে সম্পন্ন করার বিষয়ে আলোচনা করেন। ইউনিয়ন পর্যায়ে আইন শৃঙ্খলা কমিটির সভাসমূহ সম্পন্ন করতঃ সভার কার্যবিবরণী প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে সংশ্লিষ্ট অফিসসমূহে যথাযথভাবে প্রেরণ নিশ্চিত করার জন্য প্রতিটি সভায় আলোচনা করা হলেও সভার কার্যবিবরণী নিয়মিত পাওয়া যাচ্ছে না। নির্ধারিত তারিখে সভা সম্পন্ন করে সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট অফিস সমুহে প্রেরণ নিশ্চিত করার জন্য সকল ইউপি চেয়রম্যানগণকে অনুরোধ করা হয়।<br>**সিদ্ধান্ত :** সভার কার্যবিবরণী সকল ইউনিয়ন পরিষদ হতে যথাসময়ে পাওয়া যায় না। তাই সকল ইউপি চেয়ারম্যানগণকে ইউনিয়ন পর্যায়ে আইন শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী যথাসময়ে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউ/পি চেয়ারম্যান (সকল), জগন্নাথপুর। |
| ০৫ | সার্বিক আইন শৃঙ্খলা পরিস্থিতি সংক্রান্ত | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জগন্নাথপুর বলেন, ছোট বড় সকল বাজারেই পুলিশ টহল জোড়দার করা প্রয়োজন। এতে করে মাদকের ক্রয়-বিক্রয় ও জোয়ার আসর বন্ধ হবে। | উপজেলা নির্বাহী অফিসার, জগন্নাথপুর এবং অফিসার ইনচার্জ, জগন্নাথপুর থানা। |

বিভিন্ন অপরাধ দমনে প্রয়োজনীয় তথ্যাদি সরবরাহ করে উপজেলা প্রশাসন ও আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে সর্বাত্মক সহযোগিতা প্রদানের জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ জানানো হয়। পরিশেষে আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ সাজেদুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
জগন্নাথপুর, সুনামগঞ্জ।

স্মারক নং-০৫.৪৬.৯০৪৭.০০০.১১.০১২.২২.৫৬৮ তারিখ : ২২/১০/২০২২ খ্রি.

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

১. জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
২. পুলিশ সুপার, সুনামগঞ্জ।
৩. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জগন্নাথপুর, সুনামগঞ্জ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ

৪. সহকারী কমিশনার (ভূমি), জগন্নাথপুর, সুনামগঞ্জ।
৫. জনাব........................................................ জগন্নাথপুর, সুনামগঞ্জ।
৬. উপজেলা ................................................... (সংশ্লিষ্ট সকল), জগন্নাথপুর, সুনামগঞ্জ।
৭. অফিসার ইনচার্জ, জগন্নাথপুর থানা, জগন্নাথপুর, সুনামগঞ্জ।
৮. চেয়ারম্যান ....................................... ইউনিয়ন পরিষদ (সকল), জগন্নাথপুর, সুনামগঞ্জ।
৯. জনাব.......................................................... (সংশ্লিষ্ট সকল), জগন্নাথপুর, সুনামগঞ্জ।
১০. ওয়েব পোর্টাল।
১১. অফিস নথি/মাস্টার ফাইল।

উপজেলা নির্বাহী অফিসার
জগন্নাথপুর, সুনামগঞ্জ।

সভায় উপস্থিতির হাজিরা ; সেপ্টেম্বর/২২

| ক্রমিক নং | নাম ও পদবী | মোবাইল নং | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | | | |
| ০২ | | | |
| ০৩ | ডা: মনি মুর্শেদ, UHFPO | 01764224466. | [signature] |
| ০৪ | মো: মিজানুর রহমান ওসি, জগন্নাথপুর থানা | ০১৭১২-২৯২১৮৬ | [signature] |
| ০৫ | শেখ আবরিয়ুল[illegible] [illegible] | 01712747842 | [signature] |
| ০৬ | [illegible] | 01720671622 | [signature] |
| ০৭ | মো: মোজাম্মেল খান | 01717946675 | [signature] |
| ০৮ | [illegible] | 01716847799 | [signature] |
| ০৯ | মাও: [illegible] | 01715953815 | [signature] |
| ১০ | মোহাম্মদ জিল্লুর রহমান কো; জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | 01721-226362 | [signature] |
| ১১ | মো: [illegible] | 01718250189 | [signature] |
| ১২ | [illegible] | [illegible] | [signature] |
| ১৩ | [illegible] সভাপতি, [illegible] প্রেসক্লাব | 01722822668 | [signature] |
| ১৪ | আবুল হোসেন [illegible] | 01712079570 | [signature] |
| ১৫ | মো. আজিজুল ইসলাম [illegible] | 01755582347 | [signature] |
| ১৬ | মো: রেজাউল করিম [illegible] | 01716673912 | [signature] |
| ১৭ | | | |
| ১৮ | | | |
| ১৯ | | | |
| ২০ | | | |
| ২১ | | | |
| ২২ | | | |
| ২৩ | | | |
| ২৪ | | | |